

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৩৪

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - রাসূলুল্লাহ (সা.) -এর স্বভাব-চরিত্তের বর্ণনা

اَلْفصنْلُ الثَّالِثُ (بَابٌ فِي أَخْلَاقِهِ وَشَمَائِلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم)

আরবী

وَعَنْ عَلِيّ أَنَّ أَبَا جَهْلٍ قَالَ لِلنَّبِيِّ صلى الله عَلَيْهِ وَسلم: إِنَّا لَا نُكذِّبِكَ ولكنْ نكذِّب بِمَا جئت بِهِ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى فِيهِمْ: [فَإِنَّهُمْ لَا يُكَذِّبُونَكَ ولكنَّ الظالمينَ بآياتِ اللَّهِ يَجْحَدونَ] رَوَاهُ التِّرْمِذِي

اسناده ضعیف ، رواه الترمذی (3064) * ابو اسحاق مدلس و عنعن ـ (ضَعِیف)

বাংলা

৫৮৩৪-[৩৪] 'আলী (রাঃ) হতে বর্ণিত। একদিন আবূ জাহল নবী (সা.) -কে বলল, আমরা তোমাকে মিথ্যাবাদী মনে করি না (বা বলি না), তবে আমরা তাকেই মিথ্যা মনে করি যা তুমি আমাদের কাছে (আল্লাহর ওয়াহী) নিয়ে এসেছ। তখন আল্লাহ তা'আলা সেই সকল বেঈমানদের প্রসঙ্গে অবতীর্ণ করলেন, (অর্থাৎ) ঐ সকল কাফির-বেঈমানরা আপনাকে মিথ্যাবাদী বলে আখ্যায়িত করেন না, কিন্তু সে সকল সীমালজ্যনকারী অত্যাচারীর আল্লাহর আয়াতসমূহকে অস্বীকার করে।' (তিরমিযী)

ফটনোট

সনদ য'ঈফ: তিরমিয়ী ৩০৬৪, নাজিয়াহ্ ইবনু কা'ব মাজহুল; য'ঈফাহ্ ৬৯০৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَذَبِك) অর্থাৎ আমরা তোমাকে মিথ্যাবাদী মনে করি না। কারণ তুমি আমাদের মাঝে সত্যবাদী বলে



প্রসিদ্ধ।

ولكنْ نكذّبُ بِمَا جِئْتَ بِهِ) অর্থাৎ আমরা তোমাকে মিথ্যাবাদী বলার কারণ হলো তুমি যে কুরআন, তাওহীদ আমাদের মাঝে নিয়ে এসেছ। এ প্রসঙ্গে মহান আল্লাহ বলেন, "আর আপনার সম্প্রদায় তাকে মিথ্যা প্রতিপন্ন করে অথচ তা সত্য।" (সূরা আল আ'আম ৬ : ৬৬)।

'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহ্লাহ) বলেন, বর্ণিত আছে যে, আখনাস ইবনু শারীক আবূ জাহল-কে বলল: হে আবূল হাকাম! মুহাম্মাদ সম্পর্কে সংবাদ দিন সে কি সত্যবাদী নাকি মিথ্যবাদী? আমাদের কাছে তো অন্য কেউ নেই। সে তাকে বলল, আল্লাহর কসম, নিশ্চয় মুহাম্মাদ একজন সত্যবাদী, সে কখনও মিথ্যা বলেনি। কিন্তু যখন বানূ কুসায় পতাকা, হাজীদের পানি পান করানো, পর্দা ও নুবুওয়্যাত নিয়ে গেল তখন অন্যান্য কুরায়শদের আর কি বাকী থাকল? তাই তো সে বলল, তুমি যা নিয়ে এসেছ আমরা তাকে মিথ্যা মনে করি। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন